DCS Newsletter

# নিউজলেটার

বর্ষ ০২, সংখ্যা ০৩ | মার্চ ২০২৫



এটিএম আজহারুল ইসলামের মুক্তি দাবি






আন্তর্জাতিক মাতৃভাষা দিবস



পিলখানা শহীদ সেনা দিবস

## বাংলাদেশ জামায়াতে ইসলামী
## ঢাকা মহানগরী দক্ষিণ

Web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277



## কোনাপাড়া থানা জামায়াতের উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র উপহার প্রদান

১ ফেব্রুয়ারি ২০২৫






বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর আব্দুস সবুর ফকির । ৩১ জানুয়ারি ২০২৫ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে রাজধানীর কোনাপাড়া এলাকায় শীতার্ত নারী পুরুষ ও ভিন্নধর্মাবলম্বী মানুষের মাঝে শীতবস্ত্র উপহার প্রদান করেন।

ঢাকা মহানগরী দক্ষিণের মজলিসে শূরা সদস্য ও কোনাপাড়া থানা আমীর আকতারুজামান চয়নের সভাপতিত্বে ও থানা সেক্রেটারি মাওলানা ওমর ফারুকের পরিচালনায় উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পীর বাড়ী জামে মসজিদের খতিব মাওলানা বশির উদ্দিন।




# খিলগাঁও পশ্চিম থানার উদ্যোগে অমুসলিম ও হিজড়া সম্প্রদায়ের মাঝে শীতবস্ত্র বিতরণ

১ ফেব্রুয়ারি ২০২৫

বাংলাদেশ জামায়াতে ইসলামী খিলগাঁও পশ্চিম থানার উদ্যোগে অমুসলিম ও হিজড়া সম্প্রদায়ের মাঝে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের সম্মানিত কেন্দ্রীয় সহ-সভাপতি জনাব কবির আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য, মহানগরী কর্মপরিষদ সদস্য ও খিলগাঁও জোনের সম্মানিত পরিচালক মাওলানা ফরিদুল ইসলাম।



**দৈনিক যুগান্তর পত্রিকার রজতজয়ন্তীতে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন**

১ ফেব্রুয়ারি ২০২৫

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের নেতৃবৃন্দ ১ ফেব্রুয়ারি ২০২৫ দৈনিক যুগান্তর পত্রিকার রজতজয়ন্তী পঁচিশ বছর পূর্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এ সময় কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুল, কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি মুহা. দেলাওয়ার হোসেনসহ মহানগরী নেতৃবৃন্দ সেখানে উপস্থিত ছিলেন। একই সময় বাংলাদেশ জামায়াতের ইসলামী কেন্দ্র থেকে যুগান্তরকে ফুলের শুভেচ্ছা জানান জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।









# ওয়ারী পশ্চিম থানার ওয়ার্ড–ইউনিট দায়িত্বশীল কর্মশালা অনুষ্ঠিত

**১ ফেব্রুয়ারি ২০২৫**

দ্বীন প্রতিষ্ঠিত হলে সব কাজই সহজ হবে উল্লেখ করে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুল বলেন; ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্রে ইসলাম প্রতিষ্ঠা হলে জীবনের সব কাজ সহজ হবে। যেমনি নফজ কে পরিশুদ্ধ করতে পারলেই ব্যক্তি পাপাচার থেকে বাঁচতে পারবে তেমনি ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করতে পারলে সকল অনাচার, পাপাচার, জুলুম, নির্যাতন, পদে-পদে, স্তরে-স্তরের বৈষম্য দূর হয়ে একটি আলোকিত সমাজ গঠন সম্ভব হবে। এজন্যই প্রত্যাক পরিবার থেকেই ইসলামী অনুশাসনের সূচনা শুরু করতে হবে। নামাজ, রোজা, হজ্জে, যাকাত, পর্দা পালনের পাশাপাশি দ্বীন কায়েমের জন্য মাল ও জান কুরবানির জন্য প্রস্তুত থাকতে হবে। মানুষ ততক্ষণ পর্যন্ত কল্যাণ লাভ করতে পারবে না, যতক্ষণ পর্যন্ত সে নিজের সবচেয়ে প্রিয় বস্তু আল্লাহর রাস্তায় উৎস্বগ করতে না পারবে।

০১ ফেব্রুয়ারি রাতে বাংলাদেশ জামায়াতে ইসলামী ওয়ারী পশ্চিম থানার ওয়ার্ড-ইউনিট দায়িত্বশীল কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি আরো বলেন, ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠায় আমাদের যা যা করণীয় তারজন্য প্রস্তুত থাকতে হবে।

অনুষ্ঠিত কর্মশালায় উপস্থিত ওয়ার্ড-ইউনিট দায়িত্বশীলদের, বাংলাদেশ জামায়াতে ইসলামীর সাংগঠনিক কর্ম কৌশল বাস্তবায়নের সার্বিক পদ্ধতি তুলে ধরে বিস্তারিত আলোচনা করেন প্রধান অতিথি কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নুরুল ইসলাম বুলবুল।

ওয়ারী পশ্চিম থানা আমীর মো. ফারুক হোসাইনের সভাপতিত্বে ও সেক্রেটারী মাহফুজুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠিত কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের অফিস সেক্রেটারী, সূত্রাপুর-ওয়ারী-গেন্ডারিয়া জোন পরিচালক কামরুল আহসান হাসান, ওয়ারী পূর্ব থানা আমীর মোহতাছিম বিল্লাহ।




## শাহজাহানপুর পশ্চিম থানা কর্তৃক আয়োজিত ইউনিট দায়িত্বশীলদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত

৩ ফেব্রুয়ারি ২০২৫













# পল্টন–শাহবাগ–রমনা জোন এর উদ্যোগে অগ্রসর কর্মীদের শিক্ষাশিবির অনুষ্ঠিত

**৪ ফেব্রুয়ারি ২০২৫**

বাংলাদেশ জামায়াতে ইসলামী পল্টন-শাহবাগ-রমনা জোনের উদ্যোগে অগ্রসর কর্মীদের নিয়ে শিক্ষাশিবির ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উক্ত শিক্ষাশিবির কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য এবং মহানগরী দক্ষিণ এর নায়েবে আমীর ও জোন পরিচালক ড. এডভোকেট হেলাল উদ্দিন এর সভাপতিত্বে ও ঢাকা মহানগরী দক্ষিণ এর সমাজকল্যাণ সম্পাদক ও পল্টন থানা আমীর এবং জোনের সহকারী পরিচালক শাহীন আহমেদ খান এর পরিচালনায় প্রধান অতিথি হিসেবে আলোচনা পেশ করেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণ এর সম্মানিত আমীর জননেতা জনাব মোঃ নূরুল ইসলাম বুলবুল, বিশেষ অতিথি হিসেবে আলোচনা পেশ করেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও মহানগরী দক্ষিণ এর সম্মানিত সেক্রেটারি জননেতা ড. শফিকুল ইসলাম মাসুদ।উক্ত শিক্ষাশিবিরে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত হয়ে মহাগ্রন্থ আল কুরআন থেকে দারস পেশ করেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণ এর সম্মানিত সহকারী সেক্রেটারি মো: শামসুর রহমান।





## বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের পেশাজীবী জোন–১ এর কর্মী শিক্ষাশিবির অনুষ্ঠিত

৭ ফেব্রুয়ারি ২০২৫

রাজধানীতে পেশাজীবী জোন ১ এর কর্মী শিক্ষাশিবিরে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। শিক্ষাশিবিরে সভাপতিত্ব করেন ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য ও মহানগরী দক্ষিণ শ্রমিক কল্যাণ ফেডারেশন সভাপতি আব্দুস সালাম।




# বংশাল জোন অগ্রসর কর্মী শিক্ষা শিবির

**৭ ফেব্রুয়ারি ২০২৫**








## স্বাধীনতার নামে পরাধীনতার কারণেই বাংলাদেশের মানুষ দ্বিতীয় স্বাধীনতা অর্জন করেছে

\- অধ্যাপক মুজিবুর রহমান

০৭ ফেব্রুয়ারি দিনব্যাপী অনুষ্ঠিত চকবাজার – বংশাল জোন অগ্রসর কর্মী শিক্ষা শিবির অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।




# বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের ওয়ার্ড সভাপতি ও সেক্রেটারি শিক্ষাশিবির অনুষ্ঠিত









০৮ ফেব্রুয়ারি রাজধানীতে অনুষ্ঠিত শিক্ষাশিবির টি বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে এবং কেন্দ্রীয় কর্মপরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদের পরিচালনায় রাজধানীর ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ মিলনায়তনে অনুষ্ঠিত শিক্ষাশিবিরে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আব্দুল হালিম এবং কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য অধ্যক্ষ আব্দুর রব।



# সাবেক প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি আব্দুর রউফের মৃত্যুতে শোক ও দোয়া আবেদন

সাবেক প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি আব্দুর রউফ ৯ ফেব্রুয়ারি সকাল ১০ টায় ইনসাফ বারাকাহ্ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন।
ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রজিউন।

বিচারপতি আব্দুর রউফের ইন্তেকালে গভীর শোক প্রকাশ করছি। তাঁর পরিবারের সদস্যদের ধৈর্যধারণ করার অনুরোধ করছি। মহান আল্লাহ তায়ালার কাছে প্রার্থনা করছি তিনি যেন বিচারপতি আব্দুর রউফকে মাগফিরাত, নাজাত ও জান্নাতুল ফিরদাউস দান করেন। আমিন।

৯ ফেব্রুয়ারি ২০২৫




**রাজধানীর শ্যামপুর এলাকায় ২৪–এর গণঅভ্যুত্থান পরবর্তী সমাজ ও সংস্কারে যুবকদের দায়িত্ব ও কর্তব্য শীর্ষক সমাবেশ অনুষ্ঠিত**






# একুশে বই মেলা পরিদর্শনে আমীরে জামায়াতসহ মহানগরী দক্ষিণ জামায়াতের নেতৃবৃন্দ

## গিফট নিতে নয়, বই কিনতে এসেছি – ডা. শফিকুর রহমান



বৃহস্পতিবার ১৩ ফেব্রুয়ারি বিকেলে বাংলা একাডেমিতে বই মেলা পরিদর্শনে যান বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমান। এসময় তিনি ইসলামী ছাত্র শিবির কর্তৃক আইসিএস পাবলিকেশন সহ বই মেলার বিভিন্ন স্টল ঘুরে ঘুরে দেখেন এবং বই কিনেন।






## সবুজবাগ মুগদা জোনের উদ্যোগে রুকন সম্মেলন অনুষ্ঠিত

**১৪ ফেব্রুয়ারি ২০২৫**

সবুজবাগ মুগদা জোনের উদ্যোগে রুকন সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।






## যাত্রাবাড়ী পশ্চিম জোনের রুকন সমাবেশ অনুষ্ঠিত

**১৫ ফেব্রুয়ারি ২০২৫**

নিজেদের সর্বোচ্চ ত্যাগের বিনিময়ে হলেও এদেশে ইকামাতে দ্বীনের বিজয়কে সুনিশ্চিত করতে হবে -ড. শফিকুল ইসলাম মাসুদ




# মীরহাজিরবাগে রাস্তা সংস্কার ও জলবদ্ধতা নিরসনের দাবিতে জামায়াতের মানববন্ধন



যাত্রাবাড়ী- শ্যামপুর থানার (৫১নং ওয়ার্ড) আহবানে জুরাইন মুন্সিবাড়ি মীরহাজিরবাগ পাইপ রাস্তার জলাবদ্ধতা নিরসন ও রাস্তা মেরামতের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়। যাত্রাবাড়ী -শ্যামপুর থানার আমীর প্রিন্সিপাল জাকির হুসাইনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় মজলিসে শুরার সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর জনাব আব্দুস সবুর ফকির, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য, শ্যামপুর কদমতলী জোনের জোন পরিচালক জনাব সৈয়দ জয়নুল আবেদিন। আরো বক্তব্য রাখেন স্থানীয় সমাজ সেবক ও থানা সেক্রেটারি জনাব নেছার উদ্দিন মাসুদ এবং থানা কর্মপরিষদ সদস্য জনাব হুমায়ুন কবির।



## জামায়াতে ইসলামী সূত্রাপুর–ওয়ারী জোনের উদ্যোগে বিশেষ রুকন সমাবেশ অনুষ্ঠিত হয়

**১৫ ফেব্রুয়ারি ২০২৫**

বাংলাদেশ জামায়াতে ইসলামী সূত্রাপুর-ওয়ারী জোনের উদ্যোগে স্থানীয় মিলনায়তনে এক বিশেষ রুকন সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত রুকন সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় মজলিশে শুরা সদস্য ও মহানগরী দক্ষিণের সম্মানিত নায়েবে আমীর জনাব আব্দুস সবুর ফকির।






## বাংলাদেশ জামায়াতে ইসলামী ডেমরা উত্তর থানার চনপাড়ায় অফিস উদ্বোধন উপলক্ষে কর্মী সমাবেশের আয়োজন

**১৬ ফেব্রুয়ারি ২০২৫**

বাংলাদেশ জামায়াতে ইসলামী ডেমরা উত্তর থানার চনপাড়ায় অফিস উদ্বোধন উপলক্ষে কর্মী সমাবেশের আয়োজন করা হয় ।




# ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে যাকাত ও ওশর শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

## বুলডোজারের সংস্কৃতি চালু করেছে আওয়ামী লীগ - সাবেক এমপি ডা. তাহের






বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে যাকাত ও ওশর শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি আরো বলেন, ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা হলে যাকাত এবং ওশর রাষ্ট্র কর্তৃক আদায় হবে। যাকাত ভিত্তিক অর্থনীতি চালুর মাধ্যমে সুদমুক্ত বাংলাদেশ গঠন হবে। সুদ ব্যবস্থায় মানুষ শোষিত হয়। যাকাত ব্যবস্থায় মানুষের সম্পদের পরিশুদ্ধতা হয়। সম্পদ পরিশুদ্ধ হলে জীবনের সব কিছুই পরিশুদ্ধ হয়।






# বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগর কর্তৃক এটিএম আজহারুল ইসলামের মুক্তির দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত

## এটিএম আজহারুল ইসলামের মুক্তি না হওয়া পর্যন্ত আন্দোলন চলমান থাকবে - ডা. শফিকুর রহমান

**১৮ ফেব্রুয়ারি ২০২৫**







বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমান বলেছেন, আওয়ামী ফ্যাসিবাদের জুলুমের শিকার রাজনৈতিক নেতৃবৃন্দের অনেকেই মুক্তি পেয়েছে এতে আমরা আনন্দিত। কিন্তু কেন জামায়াতে ইসলামীর সাবেক ভারপ্রাপ্ত সেক্রেটারী জেনারেল মজলুম জননেতা এটিএম আজহারুল ইসলামের মুক্তি হয়নি এবং হচ্ছে না প্রশ্ন রেখে আমীরে জামায়াত বলেন, আমার চেয়েছি অন্তবর্তীকালীন সরকার বৈষম্যহীনের উদাহরণ সৃষ্টি করবে। কিন্তু কাউকে মুক্তি দিবে কাউকে মুক্তি দিবে না সরকারের এমন কর্মকান্ডে জাতি আশাহত হয়েছে। স্পষ্ট করে বলতে হয়, অনতিবিলম্বে এটিএম আজহারুল ইসলামকে মুক্তি দিতে হবে। জামায়াতে ইসলামীর নিবন্ধন ও প্রতিক ফেরত দিবে দিতে হবে। নতুবা জামায়াতে ইসলামী রাজপথে গণতান্ত্রিক আন্দোলন চলমান রাখবে।






# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

**২১ ফেব্রুয়ারি ২০২৫**















## বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে ভাষা আন্দোলন থেকে গণ–অভ্যুত্থান: অপ্রতিরোধ্য বাংলাদেশ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত






২৪ ফেব্রুয়ারি ২০২৫, জাতীয় প্রেসক্লাবের আব্দুস সালাম হলে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে-ভাষা আন্দোলন থেকে গণ-অভ্যুত্থান: অপ্রতিরোধ্য বাংলাদেশ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি: হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল, অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো: নূরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে এবং কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদের উপস্থাপনায় সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট শিক্ষবিদ অধ্যাপক সৈয়দ আব্দুল আজিজ। বিশেষ অতিথির মধ্যে আলোচনা পেশ করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও মহানগরী দক্ষিণের নায়েবে আমীর ড. হেলাল উদ্দিন, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও মহানগরী সহকারী সেক্রেটারি ড. আব্দুল মান্নান, মহানগরী কর্মপরিষদ সদস্য ও ডিইউজের সভাপতি শহিদুল ইসলাম প্রমূখ।




# ২০০৯ সালে পিলখানায় দেশপ্রেমিক সেনা কর্মকর্তাদের নৃশংস হত্যার প্রতিবাদে ও বিচারের দাবিতে আলোচনা সভা অনুষ্ঠিত

পিলখানা হত্যাকান্ডের সাথে ভারত সরাসরি জড়িত --- ডা. আব্দুল্লাহ মোহাম্মদ তাহের





২৫ ফেব্রুয়ারি ২০০৯ সালে পিলখানায় দেশপ্রেমিক সেনাকর্মকর্তাদের নৃশংস হত্যার প্রতিবাদে ও বিচারের দাবিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি, অন্তবর্তীকালীন সরকার কর্তৃক গঠিত পিলখানা হত্যাকান্ডের তদন্ত কমিশনের সুষ্ঠ ও নিরপেক্ষ তদন্তের ভিত্তিতে ঘটনার সাথে জড়িত সকলকে বিচারের আওতায় আনতে সরকারের প্রতি আহ্বান জানান।




# বাংলাদেশ জামায়াতে ইসলামী বংশাল দক্ষিণ থানার উদ্যোগে আদর্শ সমাজ বিনির্মান শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

মানব রচিত আইনে আদর্শ সমাজ বিনির্মান সম্ভব নয় উল্লেখ করে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারী ড. শফিকুল ইসলাম মাসুদ বলেন, স্বাধীনতার ৫৩ বছর পরও মানুষ কেন স্বাধীনতা খোঁজে, কেন অধিকার আদায়ে জীবন ও রক্ত দিতে হচ্ছে?- কারণ মানুষের তৈরি আইন কেবলমাত্র ক্ষমতাসীনদের কল্যাণে তৈরি করা হয়। যারা ক্ষমতায় থেকে নিজেদের সুবিধার জন্য আইন তৈরি করে পালিয়ে গেছে তাদের ঐ আইন বাতিলের পক্ষে তারাই সমর্থন দিচ্ছে না যারা পরবর্তীতে ক্ষমতায় এসে ঐ একইভাবে লুটপাট, জুলুম, নির্যাতন করবে। অবশ্য কেউ কেউ ক্ষমতায় বসার আগেই গত ৫ আগস্ট থেকে নিজেদেরকে ক্ষমতায় আছে ভেবে সন্ত্রাসী, চাঁদাবাজি, লুটপাট, দখলদারিত্বে নিয়োজিত রেখেছে। আর তারাই ফ্যাসিস্ট আওয়ামী লীগের তৈরি সংবিধান বহাল রাখার পক্ষে অবস্থান নিয়েছে। মানুষের তৈরি আইনে সমাজে কখনো শান্তি প্রতিষ্ঠা হয়নি হবেও না। বুধবার রাতে বাংলাদেশ জামায়াতে ইসলামী বংশাল দক্ষিণ থানার উদ্যোগে আয়োজিত আদর্শ সমাজ বিনির্মান শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বংশাল দক্ষিণ থানা আমীর মাহবুবুল আলম ভুইয়া'র সভাপতিত্বে ও সেক্রেটারী নুরে আলম সিদ্দিকী'র পরিচালনায় স্থানীয় এক পার্টি সেন্টারে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন মৌলভী বাজার ব্যবসায়ী সমিতির সাবেক সভাপতি এফবিসিসিআই'র পরিচালক বিশিষ্ট সমাজ সেবক হাফেজ এনায়েত উল্লাহ, চকবাজার-বংশাল জোনের সহকারী পরিচালক এস এম আহসান উল্লাহ। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আবু হুরায়রা, মাওলানা তাজুল ইসলাম সহ স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ ও ব্যবসায়ী নেতৃবৃন্দ।




# মাহে রমজান উপলক্ষ্যে গরীব ও অসচ্ছলদের মাঝে ফুড প্যাকেট বিতরণ









২৭ ফেব্রুয়ারি ২০২৫ সোমবার পল্টন কার্যালয়ের সামনে অনুষ্ঠিত কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো: নূরুল ইসলাম বুলবুল। কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদের পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণ নায়েবে আমীর ড. হেলাল উদ্দিন, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি যথাক্রমে মু. দেলাওয়ার হোসেন, কামাল হোসাইন, শামসুর রহমান।




# দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রতিবাদ ও মাহে রমাদানের পবিত্রতা রক্ষার দাবিতে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের মিছিল







২৮ ফেব্রুয়ারি, জুমাবার বাদ জুম্মা দুপুর ০২.০০ টায় দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রতিবাদ ও মাহে রমাদানের পবিত্রতা রক্ষার দাবিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের উত্তরগেটে এক বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলটি বাইতুল মোকাররম জাতীয় মসজিদের সামনের থেকে শুরু হয়ে পল্টন মোড়, নাইটিঙ্গেল সড়ক ও কাকরাইল মোড় প্রদক্ষিণ করে শান্তিনগর মোড়ে গিয়ে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়।

# নিউজলেটার

**বর্ষ ০২, সংখ্যা ০৩ | মার্চ ২০২৫**

## প্রকাশনায়

## বাংলাদেশ জামায়াতে ইসলামী
## ঢাকা মহানগরী দক্ষিণ

Web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277